

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
(পার-৪ অধিশাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৫০.১৫.০১১.১৯-৪০৪

তারিখ: ০৯.০৯.২০১৯ খ্রি:

বিষয়: দেশের ৫০০ শয্যাবিশিষ্ট মেডিকেল কলেজ হাসপাতালের স্ট্যান্ডার্ড সেট আপ প্রনয়ন এবং পদ সৃজন সংক্রান্ত
অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভার তারিখ : ০৩.০৯.২০১৯ খ্রি:
সভার সময় : সকাল ১১.৩০ টায়।
সভার স্থান : কক্ষ নং-৩৩২, ভবন নং-৩, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
সভাপতি : মোঃ হাবিবুর রহমান খান
অতিরিক্ত সচিব (প্রশাসন),
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-‘ক’ সংযুক্ত।

আলোচনা: সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে এ কে এম ফজলুল হক, যুগ্মসচিব (পার) পাওয়ার পয়েন্টের মাধ্যমে দেশের ৫০০ শয্যাবিশিষ্ট মেডিকেল কলেজ হাসপাতালের খসড়া স্ট্যান্ডার্ড সেট আপ উপস্থাপন করেন। সভাপতি মহোদয় স্ট্যান্ডার্ড সেট আপ না থাকায় পদ সৃজনে বিভিন্ন ক্ষেত্রে অসুবিধা ও অসামঞ্জস্যতার বিষয়ে আলোকপাত করেন। সভায় উপস্থিত বিভিন্ন কর্মকর্তাগণ এ বিষয়ে বিস্তারিত মতামত ব্যক্ত করেন। আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) মেডিকেল কলেজের পদ সৃজনের বিষয়টি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন বিধায় মেডিকেল কলেজের জন্য স্ট্যান্ডার্ড সেট আপ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক প্রনয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।


(খ) মেডিকেল কলেজ হাসপাতালের জন্য উপস্থাপিত খসড়া স্ট্যান্ডার্ড সেট আপের উপর মতামত/সংশোধনী ১২.০৯.২০১৯ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। সে লক্ষ্যে সংশ্লিষ্টদের নিকট খসড়া স্ট্যান্ডার্ড সেট আপের কপি ই-মেইলে প্রেরণ নিশ্চিত করবে।

২। সভায় আর কোন অলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-
(মোঃ হাবিবুর রহমান খান)
সভাপতি
ও
অতিরিক্ত সচিব (প্রশাসন)
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। ভাইস চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়।
- ২। অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়।
- ৬। যুগ্মসচিব (পার/এইচআর), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। যুগ্মসচিব, এইচআর এন্ড পিএম, এইচআরডি,
- ৭। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৮। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৯। পরিচালক (প্লানিং), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১০। পরিচালক/প্রকল্প পরিচালক/তত্ত্বাবধায়ক.....
- ১১। উপসচিব (জিএনএসপি), এইচআর, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১২। অধ্যাপক ড. লিয়াকত আলী, ইউএসএআইডি কনসালটেন্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, পিএইচডিসি সংস্কৃতি বিকাশ কেন্দ্র ভবন, ১/ই/১ পরিবাগ, ঢাকা-১০০০।
- ১৩। মির্জা মো: আব্দুল আলিম, সভাপতি, বাংলাদেশ মেডিকেল টেকনোলজিস্ট এসোসিয়েশন।
- ১৪। মো: মাহফুজ, সহকারী প্রোগ্রামার, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১৫। মো: সৈয়দ জালাল, প্রধান সহকারী, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাকে পদ সৃজন সংক্রান্ত সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


 রোকেয়া বেগম
 উপসচিব